



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.৭৮০০.০১৭.২৭.০০২.২০২০- ১৬৭

তারিখ: ২১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
০৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।


প্রজ্ঞাপন

যেহেতু, পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার ০২নং টিয়াখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মশিউর রহমান শিমু এর বিরুদ্ধে একই উপজেলার বীর মুক্তিযোদ্ধা জনাব মো: শাহ আলমের গৃহে বেআইনীভাবে প্রবেশ করে চাঁদা দাবী ও হত্যার উদ্দেশ্যে মারপিট করার অভিযোগে ১৪৩/৪৪৮/৩৮৫/৩২৩/৩২৫/৩০৭ ধারায় কলাপাড়া থানায় দায়েরকৃত মামলা নং-৪২৭/৫০৬ (জি আর নং-২৮/২৪৩), তারিখ: ২৯/১১/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে রয়েছেন এবং জেলা প্রশাসক, পটুয়াখালী বর্ণিত ইউপি চেয়ারম্যানের বিরুদ্ধে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছেন;

যেহেতু, পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার ০২নং টিয়াখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মশিউর রহমান শিমু এর বিরুদ্ধে একই উপজেলার বীর মুক্তিযোদ্ধা জনাব মো: শাহ আলমের গৃহে বেআইনীভাবে প্রবেশ করে চাঁদা দাবী ও হত্যার উদ্দেশ্যে মারপিট করার অভিযোগে ১৪৩/৪৪৮/৩৮৫/৩২৩/৩২৫/৩০৭ ধারায় কলাপাড়া থানায় দায়েরকৃত মামলা নং-৪২৭/৫০৬ (জি আর নং-২৮/২৪৩), তারিখ: ২৯/১১/২০২০ এ গ্রেফতার হয়ে জেল হাজতে থাকায় তাঁর দ্বারা ইউনিয়ন পরিষদে ক্ষমতা প্রয়োগ প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন নয় মর্মে সরকার মনে করে;

সেহেতু, পটুয়াখালী জেলার কলাপাড়া উপজেলার ০২নং টিয়াখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মো: মশিউর রহমান শিমু কর্তৃক সংঘটিত অপরাধমূলক কার্যক্রম পরিষদসহ জনস্বার্থের পরিপন্থী বিবেচনায় স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) অনুযায়ী উল্লিখিত ইউপি চেয়ারম্যানকে তাঁর স্থায় পদ হতে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারী করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।



(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব

ফোন: ৯৫৮৬৬০৫

ইমেইল: Up1lgd@gmail.com

স্মারক নং-৪৬.০০.৭৮০০.০১৭.২৭.০০২.২০২০- ১৬৭


তারিখ: ২১ মাঘ ১৪২৭ বঙ্গাব্দ।
০৪ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ।

বিতরণঃ (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে)

- ১। জেলা প্রশাসক, পটুয়াখালী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, কলাপাড়া, পটুয়াখালী।
- ৩। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। জনাব মো: মশিউর রহমান শিমু, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), ০২নং টিয়াখালী ইউনিয়ন পরিষদ, কলাপাড়া, পটুয়াখালী।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।



(মো: আবুজাফর রিপন)
সিনিয়র সহকারী সচিব